নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali Science and Technology University
ফোন : ০৩২১-৬২৮১২, ০৩২১-৬২৮৩৩, ফ্যাক্স : ০৩২১-৬২৭৮৮
ই মেইল : info@nstu.edu.bd, ওয়েবসাইট : www.nstu.edu.bd

বাংলা বিভাগ
Department of Bangla
ফোন : +৮৮ ০১৭১৮৫০৪৫৪৪
ই মেইল : bangla@office.nstu.edu.bd

## বিজ্ঞপ্তি

স্মারক নং: নোবিপ্রবি/বাংলা/পিএইচডি ভর্তি- ২০২৫ (জানুয়ারি-জুন) তারিখ: ০৬ মার্চ ২০২৫

### ২০২৪-২৫ শিক্ষাবর্ষে বাংলা বিভাগে পূর্ণকালীন/খণ্ডকালীন পিএইচডি প্রোগ্রামে ভর্তি (জানুয়ারি-জুন)

বাংলা বিভাগে পিএইচডি প্রোগ্রামে ভর্তির জন্য আগ্রহী প্রার্থীদের নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। প্রার্থীদের এই বিভাগের শিক্ষকদের মধ্যে থেকে তত্ত্বাবধায়ক নির্বাচন করে তাঁর/তাঁদের অধীনে এবং মাধ্যমে পিএইচডি গবেষণার জন্য আগামী ১০ এপ্রিল ২০২৫ তারিখের মধ্যে আবেদন করতে হবে। নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (http://www.nstu.edu.bd) থেকে আবেদন ফরম ডাউনলোড করা যাবে। আবেদন পত্র লিখে বা টাইপ করে যথাযথভাবে পূরণ করে বিভাগের চেয়ারম্যান অফিসে জমা দিতে হবে। আবেদনপত্রের সাথে ভর্তি ফরমের ফি বাবদ জমাকৃত ১০০০/- (এক হাজার)টাকা জমা রশিদের মূলকপি,গবেষণা তত্ত্বাবধায়কের স্বাক্ষরসহ গবেষণা প্রস্তাব (পাঁচকপি), সকল পরীক্ষার নম্বরপত্রের ফটোকপি, সম্প্রতি তোলা ০১ কপি পাসপোর্ট সাইজের ছবি সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক/বিভাগের চেয়ারম্যান কর্তৃক সত্যায়িত করে জমা দিতে হবে। নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (https://nstu.edu.bd/acts_and_facts.html) থেকে পিএইচডি ভর্তির নীতিমালা ডাউনলোড করা যাবে।

#### ১) ভর্তির শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা

ক) বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক ও তালিকাভুক্ত বাংলাদেশের যে কোনো বিশ্ববিদ্যালয় থেকে বাংলা ভাষা ও সাহিত্য/ ভাষাবিজ্ঞান/ভাষাতত্ত্ব/ ফোকলোর/তুলনামূলক সাহিত্য বিষয়ে ৪ বছর মেয়াদি স্নাতক সম্মান ডিগ্রি এবং ন্যূনতম ১ (এক) বছর মেয়াদি মাস্টার্স ডিগ্রি অথবা সংশ্লিষ্ট বিষয়ে এম.ফিল ডিগ্রি থাকতে হবে।
শিক্ষাজীবনের সকল পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ/ শ্রেণিসহ ন্যূনতম ৫০% নম্বর থাকতে হবে। সিজিপিএ নিয়মে মাধ্যমিক/সমমান থেকে স্নাতকোত্তর পর্যন্ত সকল পরীক্ষায় সিজিপিএ ৫-এর মধ্যে ৩.৫০ অথবা সিজিপি ৪-এর মধ্যে ৩.০ থাকতে হবে।

অথবা

খ) (তিন) বছর মেয়াদি স্নাতক সম্মান ডিগ্রি এবং ০১(এক) বছর মেয়াদি স্নাতকোত্তর ডিগ্রিধারীদের ক্ষেত্রে শিক্ষাজীবনের সকল পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ/ শ্রেণিসহ ন্যূনতম ৫০% নম্বর থাকতে হবে। সিজিপিএ নিয়মে মাধ্যমিক/সমমান থেকে স্নাতকোত্তর পর্যন্ত সকল পরীক্ষায় সিজিপিএ ৫ এর মধ্যে ৩.৫০ অথবা সিজিপিএ ৪ এর মধ্যে ৩.০ থাকতে হবে। এক্ষেত্রে প্রার্থীদের স্নাতক পর্যায়ে কোনো স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠানে কমপক্ষে দুইবছরের পাঠদানের অভিজ্ঞতা থাকতে হবে অথবা কোনো স্বীকৃত মানের গবেষণা প্রতিষ্ঠানে কমপক্ষে দুই বছরের গবেষণা সংক্রান্ত কাজের অভিজ্ঞতা অথবা সরকারি/বেসরকারি/স্বায়ত্তশাসিত/আধাস্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কমপক্ষে দুই বছরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে এবং

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali Science and Technology University
ফোন : ০৩২১-৬২৮১২, ০৩২১-৬২৮৩৩, ফ্যাক্স : ০৩২১-৬২৭৮৮
ই মেইল : info@nstu.edu.bd, ওয়েবসাইট : www.nstu.edu.bd

বাংলা বিভাগ
Department of Bangla
ফোন : +৮৮ ০১৭১৮৫০৪৫৪৪
ই মেইল : bangla@office.nstu.edu.bd

স্বীকৃত মানের Peer-reviewed জার্নালে গবেষণা প্রকাশনা অগ্রাধিকার দেওয়া হবে। বিদেশি ডিগ্রির ক্ষেত্রে UGC কর্তৃক ডিগ্রির সমতা সনদ প্রদান করতে হবে।

২) ভর্তি প্রক্রিয়া

প্রার্থী কর্তৃক আবেদনপত্র যথাযথভাবে পূরণের পর বাংলা বিভাগে জমা দিতে হবে। অতঃপর উক্ত ভর্তির আবেদন সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক, বিভাগের একাডেমিক কমিটি, বিভাগের পিএইচডি উপ-কমিটি ও অনুষদ এবং বোর্ড অব এডভান্সড স্টাডিজ সুপারিশ করলে একাডেমিক কাউন্সিল পিএইচডি প্রোগ্রামে ভর্তির বিষয়ে সিদ্ধান্ত প্রদান করবেন। আবেদনের শেষ তারিখ **১০** এপ্রিল ২০২৫। আবেদনপত্র যাচাই বাছাই শেষে বিভাগের পিএইচডি উপকমিটি গবেষকদের গবেষণা প্রস্তাবটি সেমিনারে উপস্থাপনের জন্য তারিখ নির্ধারণ করবে। সেমিনার প্রদানের তারিখ বিভাগ থেকে পরে জানিয়ে দেওয়া হবে।

৩) মেয়াদ

পূর্ণকালীন সময়ের পিএইচডি গবেষকদের প্রোগ্রাম শুরুর দিন (ভর্তির সেমিস্টার শুরু থেকে) থেকে চূড়ান্ত মৌখিক পরীক্ষা (থিসিস ডিফেন্স) পর্যন্ত কমপক্ষে ৩ (তিন) বছর হবে। তবে, তত্ত্বাবধায়কের সম্মতিক্রমে আড়াই বছর (৫ সেমিস্টার) পর অভিসন্দর্ভ জমা দিতে পারবেন। পিএইচডি প্রোগ্রামে ভর্তির অনুমতি পাওয়ার পর নির্ধারিত সময়ে ভর্তি ফি জমা না দিলে নিয়মানুযায়ী বিলম্ব ফি প্রদান করতে হবে। অভিসন্দর্ভ জমা না হওয়া পর্যন্ত প্রতিবছর একই সময়ে রেজিস্ট্রেশন ফি জমা না দিলে নিয়মানুযায়ী ধার্যকৃত বিলম্ব ফি প্রদান করতে হবে।

৪) ছুটি

চাকুরিরত ভর্তীচ্ছু প্রার্থীদের নিয়োগকর্তার নিকট থেকে কমপক্ষে ৩ (তিন) বছরের ছুটি গ্রহণ করতে হবে। এক্ষেত্রে একত্রে ৩ (তিন) বছর অথবা একত্রে ২(দুই) বছর অথবা ১(এক) বছর করে ৩ বারে ৩ বছর ছুটি নেয়া যাবে।

৫) বৃত্তি

শুধু পূর্ণকালীন গবেষককে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় থেকে নির্ধারিত হারে গবেষণা ফেলোশিপ বা বৃত্তি প্রদান করা হবে।

০২/০৩/২০২৫

(ড. এমডি. মাসুদ রহমান)
অধ্যাপক ও চেয়ারম্যান
বাংলা বিভাগ
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়